মেহেরপুরে পুলিশের অভিযানে ৩ আসামী গ্রেফতার

মেহেরপুর সদর ও মুজিবনগর থানা পুলিশের ২৪ ঘন্টার নিয়মিত মামলায় আদালতের পরোয়ানাভূক্ত ৩ আসামী গ্রেফতার হয়েছে।

এদের মধ্যে মুজিবনগর থানা পুলিশের অভিযানে আদালতের পরোয়ানাভূক্ত সিআর মামলায় ২ জন ও সদর থানা পুলিশ সিআর মামলায় ১ আসামী গ্রেফতার করেছেন।

বুধবার সকাল থেকে আজ বৃহস্পতিবার (১৮ আগষ্ট) ভোররাত পর্যন্ত এই দুটি থানার বিভিন্ন এলাকায় পুলিশের একাধিক টিম অভিযান চালিয়ে এসব আসামী গ্রেফতার করেন।

মুজিবনগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মেহেদী রাসেল ও সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মেজবাহ উদ্দীন আহম্মেদ এই গ্রেফতার অভিযানে নেতৃত্ব দেন।

সংশ্লিষ্ট থানা সূত্র এ তথ্য নিশ্চিত করেছেন।

গ্রেফতারকৃতদের আজ বৃহস্পতিবার (১৮ আগষ্ট) দুপুরের দিকে গ্রেফতারকৃতদের আদালতে সোপর্দ করা হয়েছে।

মেহেরপুরে পুলিশের অভিযানে আটক ৩

মেহেরপুর সদর থানা পুলিশের অভিযানে নিয়মিত মামলায় ৩ আসামী আটক হয়েছে।

সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মেজবাহ উদ্দীন আহম্মেদের নেতৃত্বে পুলিশের পৃথক টিম সোমবার দিবাগত রাত আজ মঙ্গলবার (১৬ আগষ্ট) ভোররাত পর্যন্ত সদর উপজেলার বিভিন্ন স্থানে অভিযানে

চালিয়ে এসব আসামী আটক করেন।

এদিকে মাদকদ্রব্য নিয়ন্ত্রণে আইনে সদর থানায় ৩ টি, গাংনী ও মুজিবনগর থানায় ১ টি করে মামলা রুজ্জু হয়েছে। পুলিশের সংশ্লিষ্ট সূত্র এ তথ্য নিশ্চিত করেছেন।

আটকদের আজ মঙ্গলবার সকালের দিকে আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।

গাংনীতে র্যাব-১২ এর অভিযানে ফেনসিডিলসহ মাদক ব্যবসায়ী আটক

২৮ বোতল ফেনসিডিলসহ আক্তার হোসেন (৪২)কে আটক করেছে র্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন (র্যাব-১২) একটি টিম।

আক্তার হোসেন গাংনী উপজেলার হোগলবাড়িয়া গ্রামের মৃত মোস্তফা’র ছেলে।

র্যাব-১২ কুষ্টিয়া ক্যাম্পের স্কোয়াডন লিডার ইলিয়াছ হোসেনের নেতৃত্বে র্যাবের একটি ইউনিট আজ রবিবার (১৪ আগষ্ট) দুপুরের দিকে তার বাড়িতে অভিযান চালিয়ে ফেনসিডিলসহ আক্তারকে আটক করা হয়।

ফেনসিডিল উদ্ধারের ঘটনায় র্যাব-১২ এর পরিদর্শক ফজলুল হক বাদী হয়ে গাংনী থানায় একটি মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে একটি মামলা দায়ের করে আসামী আক্তার ও ফেনসিডিল গাংনী থানায় হস্তান্তর করা হয়েছে।

কুষ্টিয়ায় ফুজি আইসক্রিমের

মালিককে ৪৫ হাজার টাকা জরিমানা

বিএসটিআইয়ের (বাংলাদেশ স্ট্যান্ডার্ডস্ অ্যান্ড টেস্টিং ইনস্টিটিউশন) কোনো অনুমোদন নেই। অথচ আইসক্রীমের মোড়কে তাদের লোগো রয়েছে। এভাবেই এসব আইসক্রীম বিপণন ও বাজারজাত করা হচ্ছে।

এ ছাড়া বিএসটিআইয়ের লাইসেন্স না থাকা সত্ত্বেও কোণ এবং চকবার আইসক্রিম তৈরি করা হচ্ছে, ফুজি রোবু ড্রিংকস এর ভেতরে কোন ভিটামিন না থাকা সত্ত্বেও প্যাকেটের গায়ে লেখা হচ্ছে ২৩% ভিটামিন সি রয়েছে।

কুষ্টিয়া শহরতলীর চৌড়হাসে ‘ফুজি আইসক্রীম’ নামের একটি প্রতিষ্ঠানের কারখানায় বুধবার দুপুরে অভিযান চালিয়ে এসব তথ্য পান জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর। পরে প্রতিষ্ঠানের ব্যবস্থাপককে ৪৫ হাজার টাকা জরিমানা করে তা আদায় করা হয়।

অভিযানে নেতৃত্বৃ দেন জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের কুষ্টিয়া জেলা কার্যালয়ের সহকারী পরিচালক সুচন্দন মন্ডল।

এসময় তিনি জানান, কুষ্টিয়ায় বিএসটিআইয়ের লাইসেন্স না থাকা সত্ত্বেও কোণ এবং চকবার আইসক্রিম তৈরি করা হচ্ছে, পাশাপাশি বিএসটিআইয়ের লোগো ব্যবহার করা হচ্ছে এছাড়াও ফুজি রোবু ড্রিংকস এর ভেতরে কোন ভিটামিন না থাকা সত্ত্বেও প্যাকেটের গায়ে লেখা হচ্ছে ২৩% ভিটামিন সি রয়েছে।

অভিযানকালে কারখানার ভেতরে উৎপাদিত খাবারসামগ্রীর মোড়কে বিএসটিআইয়ের সিল দেখা গেছে। কিন্তু, প্রতিষ্ঠান পরিচালনায় নিয়োজিত ব্যক্তিরা এসংক্রান্ত কোনো অনুমোদনপত্র দেখাতে পারেননি।

এসব অভিযোগের ভিত্তিতে ফুজি আইসক্রিম এর কারখানা মালিককে ভোক্তা অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ এর ৪৪ ধারায় ৪৫ হাজার টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

তদারকিতে সার্বিক সহযোগিতা প্রদান করেন জেলা স্যানিটারি ইন্সপেক্টর (ভারপ্রাপ্ত) সুলতানা রেবেকা নাসরীন ও আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্যরা।

মেহেরপুর পুলিশের অভিযানে গ্রেফতার ৯ জন

মেহেরপুর সদর ও গাংনী থানা পুলিশের ২৪ ঘন্টার নিয়মিত অভিযানে ৭ জন আসামি গ্রেফতার।

এদের মধ্যে সদর থানা পুলিশ আদালতের পরোয়ানাভূক্ত জিআর মামলায় ৩ জন, গাংনী থানা পুলিশের অভিযানে সিআর মামলায় ৩ জন ও জিআর মামলায় ১ আসামি গ্রেফতার হয়েছে।

গতকাল সোমবার সকাল থেকে আজ সোমবার (৯ আগষ্ট) ভোররাত পর্যযন্ত দুটি উপজেলার বিভিন্ন এলাকায় পৃথক অভিযানে এসব আসামি গ্রেফতার হয়।

গাংনী ও সদর থানা পুলিশ সূত্র এ তথ্য নিশ্চিত করেছেন।

আজ সোমবার (৯ আগষ্ট) গ্রেফতারকৃত আসামিদের আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।

মেহেরপুরে পুলিশের অভিযানে ৬ আসামি গ্রেফতার

মেহেরপুর সদর থানা পুলিশের ২৪ ঘন্টার নিয়মিত অভিযানে বিভিন্ন মামলায় ৬ আসামি গ্রেফতার হয়েছে।

এরা হলেন, নারী ও শিশু নির্যাতন দমন আইন মামলার আসামি আমঝুপি গ্রামের আব্বাছ আলীর ছেলে রাইহান আলী, থানার মামলা নং ১১, ফেনসিডিল মামলার আসামি খোকশা গ্রামের শহিদুল ইসলামের ছেলে টনিক(৩৫), হেরোইন মামলা নং ১৩, তারিখ ৬/৮/২০২২ এর আসামি

মোনাখালি গ্রামের দিন মহাম্মদের ছেলে ইন্নাত আলী, হাজিরুল ইসলামের ছেলে নাহিদ হোসেন, মামলা নং ১৩, তারিখ ০৬-০৮-২২ এর আসামী দারিয়াপুর গ্রামের মুন্না আযমের ছেলে সাব্বির আহম্মেদ ও হেরোইন বিক্রির অভিযাগে পুলিশের দায়ের করা মামলা নং ১২, তারিখ ০৬/০৮/২০২২ এর আসামি আমদহ গ্রামের আব্দুল হান্নানের ছেলে সবুজ হোসেন।নিজস্ব প্রতিবেদক:

মেহেরপুর সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মেজবাহ উদ্দীন আহম্মেদের নেতৃত্বে পুলিশের একাধিক ইউনিট শনিবার সকাল থেকে আজ রবিবার (৭ আগষ্ট) ভোররাত পর্যন্ত সদর উপজেলার বিভিন্ন স্থানে অভিযান চালিয়ে এসব আসামি গ্রেফতার করেন।

গ্রেফতারকৃতদের আজ রবিবার (৭ আগষ্ট) দুপুরের দিকে আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।

গাংনী থানা পুলিশের অভিযানে ৩ বছরের সাজাপ্রাপ্ত গ্রেফতার

গাংনী থানা পুলিশ অভিযান চালিয়ে ৩ বছরের সাজাপ্রাপ্ত আসামী বয়েজ
(৪২) কে গ্রেফতার করেছে।

গ্রেফতারকৃত বয়েজ গাংনী উপজেলার করমদী মাঠপাড়া এলাকার আজহারুল ইসলামের ছেলে।জিআর ২৫৬/১০ সালের একটি মামলায় আদালত তাকে তিন বছরের সাজা প্রদান করেন। সে সময় আদালতে অনুপস্থিত থাকায় তার নামে গ্রেফতারী পরোয়ানা জারী করে আদালত।

গাংনী থানার উপপরিদর্শক (এসআই) মাসুদ এ তথ্য নিশ্চিত করেছেন। তিনি বলেন, গ্রেফতারকৃত বয়েজকে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।

মেহেরপুরে পুলিশের অভিযানে ফেনসিডিলসহ টনিক আটক

৪ বোতল ফেনসিডিলসহ টনিক হোসেন নামের এক ব্যক্তিকে আটক করেছে মেহেরপুর সদর থানা পুলিশ।

টনিক মেহেরপুর সদর উপজেলার খোকশা গ্রামের আব্দুস সহিদের ছেলে।

গোপন সংবাদের ভিত্তিত্বে শনিবার (৬ আগষ্ট) দিবাগত মধ্যরাতে টনিকের বাড়িতে সদর থানা পুলিশের একটি ইউনিট অভিযান চালিয়ে ৪ বোতল ফেনসিডিলসহ তাকে আটক করেন।

সদর থানার উপপরিদর্শক (এসআই) সঞ্জীব পালের নেতৃত্বে এএসআই শাকিলসহ সঙ্গীয় ফোর্স এ অভিযান পরিচালনা করেন।

এসআই সঞ্জীব পাল জানান এ ঘটনায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে থানায় একটি মামলা হয়েছে। আটক টনিককে আজ রবিবার (৭ আগষ্ট) সকালের দিকে আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।

কুষ্টিয়ায় সারের দাম বেশি নেওয়ায় দুই ব্যবসায়ীর ৫০ হাজার টাকা জরিমানা

কুষ্টিয়া সদর উপজেলায় কৃষকদের কাছ থেকে রাসায়নিক সারের দাম বেশি নেওয়া ও মেয়াদউত্তীর্ণ বালাইনাশক বিক্রয়ের উদ্দেশ্যে তাকে সাজিয়ে রাখার অপরাধে একজনকে ৫০ হাজার টাকা জরিমানা করেছেন ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের।

বুধবার বেলা ১১টায় সদর উপজেলার মধুপুর বাজারে এই অভিযান চালানো হয়। অভিযানে নেতৃত্ব দেন জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের কুষ্টিয়া জেলা কার্যালয়ের সহকারী পরিচালক সুচন্দন

মন্ডল।

এসময় তিনি জানান, বেশ কিছুদিন ধরে রাসায়নিক সার সরকার নির্ধারিত দামের চেয়ে বেশি দামে বিক্রি করে আসছিলেন। এমন অভিযোগের ভিত্তিতে মধুপুর বাজারে অভিযান চালিয়ে এর সত্যতা পাওয়া যায়। মধুপুর বাজারে মেসার্স হেলাল এন্টারপ্রাইজে গিয়ে দেখা যায়পূর্বে ইউরিয়া সার কিনে মজুদ করে রেখে বর্তমানে অধিক মূল্যে বিক্রয় করছেন।

পাশাপাশি টিএসসি এবং ডিএপি সার কেজিপ্রতি ৬ টাকা থেকে ১৩ টাকা পর্যন্ত অধিক মূল্যে বিক্রয় করছেন এছাড়াও মেয়াদউত্তীর্ণ বালাইনাশক বিক্রয়ের উদ্দেশ্যে তাকে সাজিয়ে রেখেছিলেন এসবের অপরাধে ভোক্তা অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ এর ৪০ এবং ৫১ ধারায় ৫০ হাজার টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

তদারকিতে সার্বিক সহযোগিতা প্রদান করেছেন কুষ্টিয়া সদর উপজেলা উপ-সহকারী কৃষি কর্মকর্তা আমিনুল ইসলামসহ আইনশ্রঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্যরা উপস্থিত ছিলেন।

কুষ্টিয়ায় ভোক্তা অধিকারের অভিযান: ৫৫ হাজার টাকা জরিমানা আদায়

কুষ্টিয়ার ভেড়ামারায় মিষ্টির দোকানে অভিযান চালিয়েছে ভোক্তা সংরক্ষণ অধিদফতর। অস্বাস্থ্যকর পরিবেশে নোংরা ও পঁচা দ্রব্যসামগ্রী দিয়ে মিষ্টি তৈরি করে বিক্রি করার অপরাধে দইটি প্রতিষ্ঠানকে ৪০ হাজার জরিমানা করা হয়।

বুধবার দুপুরে উপজেলার গোলাপনগর বাজারে এই ভেজালবিরোধী অভিযান চালানো হয়। এ সময় নোংরা পরিবেশে মিষ্টি তৈরির জন্য দুই প্রতিষ্ঠানকে জরিমানা করা হয়। ভোক্তা অধিকার অধিদফতরের কুষ্টিয়ার সহকারী পরিচালক সুচন্দন মন্ডল অভিযানে নেতৃত্ব দেন।

এসময় তিনি জানান, মিষ্টি তৈরির কারখানায় অস্বাস্থ্যকর নোংরা পরিবেশ ও বেশ কয়েকদিন আগের পঁচা বাসি মিষ্টি এবং তৈরিকৃত দই-মিষ্টিতে মশা-মাছি, পোকা দেখতে পায় এবং শিরার ভেতর মাছি ও পোকামাকড় মরে পড়ে আছে। পঁচা, বাসি ও পোকাযুক্ত সেই শিরা দিয়ে বিভিন্ন ধরনের মিষ্টি বানানো হচ্ছে।

পরে ভোক্তা অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ এর ৪৩ ধারা মোতাবেক পাল মিষ্টান্ন ভান্ডার ও নরেন্দ্র মিষ্টান্ন ভাণ্ডারের মালিককে ২০ হাজার করে মোট ৪০ হাজার টাকা জরিমানা করা হয়।

তিনি জানান, অস্বাস্থ্যকর পরিবেশে নোংরা ও পঁচা দ্রব্যসামগ্রী দিয়ে মিষ্টি তৈরি করে বিক্রি করা যায় তা বিশ্বাস করা কষ্টকর। যদি ন্যূনতম দায়বদ্ধতা থাকত তাহলে এভাবে তারা মিষ্টি উৎপাদন করত না।

এদিকে ভুল তথ্য সরবরাহ করে অধিক দামে ফ্রিজ বিক্রির করার অপরাধে একই বাজারের মিলন ট্রেডার্স নামের এক প্রতিষ্ঠানকে ভোক্তা অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ এর ৪৪ ধারা মোতাবেক ১৫ হাজার টাকা জরিমানা করা হয়।

তদারকিতে সার্বিক সহযোগিতা প্রদান করেন জেলা স্যানিটারি ইন্সপেক্টর (ভারপ্রাপ্ত) সুলতানা রেবেকা নাসরীন ও আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্যরা।